**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১০০/২০১৭**

**ঢাকা, সোমবার ২২ মে ২০১৭, ৮ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সৌদি আরবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভ্যর্থনা

২। পার্বত্য অঞ্চলের উন্নয়ন ত্বরান্বিত করতে ভূমিবিরোধ নিষ্পত্তি করুন : রাষ্ট্রপতি

৩। ভ্যাটের হার কমানো হবে : অর্থমন্ত্রী

৪। দশ ধাপেই আমদানি নিবন্ধন সনদ পাচ্ছেন ব্যবসায়ীরা : বাণিজ্যমন্ত্রী

৫। শিল্পের স্বার্থ ক্ষুণ্ন হয় এমন সিদ্ধান্ত নেওয়া হবে না : বাণিজ্যমন্ত্রী

৬। ভেজালকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে : শিল্পমন্ত্রী

৭। বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে তল্লাশি গোয়েন্দা তথ্যের ভিত্তিতে : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। ২৫ মার্চকে গণহত্যা দিবস হিসেবে স্বীকৃতির সময় এসেছে : আইনমন্ত্রী

৯। কিছু শিক্ষক ক্লাসে না পড়িয়ে বাড়িতে পড়ানোর অপকৌশল নিয়েছেন : শিক্ষামন্ত্রী

১০। নৌপথ এখনও সাশ্রয়ী, পরিবেশবান্ধব ও অপেক্ষাকৃত নিরাপদ : নৌপরিবহন মন্ত্রী

১১। জলবায়ুর পরিবর্তনই হাওরে ক্ষতির কারণ : খাদ্যমন্ত্রী

১২। চলচ্চিত্র শিল্পকে এগিয়ে নিতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ : তথ্যমন্ত্রী

১৩। চিকনগুনিয়া নিয়ে আতঙ্কিত হওয়ার কিছু নেই : ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র

চলমান পাতা-২

**১। সৌদি আরবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভ্যর্থনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সৌদি আরবের রাজধানী রিয়াদ পৌঁছানোর পর তাকে উষ্ণ অভ্যর্থনা দেওয়া হয়। সৌদি বাদশা সালমান বিন আবদুল আজিজ আল সউদের আমন্ত্রণে আরব ইসলামিক আমেরিকান (এআইএ) সম্মেলনে যোগ দিতে ৪ দিনের সরকারি সফরে গত ২০ মে শনিবার রাতে প্রধানমন্ত্রী রিয়াদ পৌঁছেন। সৌদি শুরা বিষয়ক প্রতিমন্ত্রী মোহাম্মদ ফয়সাল বিন আবু সাদ এবং সৌদি আরবে বাংলাদেশের রাষ্ট্রদূত গোলাম মসিহ বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানান। পরে মোটর শোভাযাত্রা সহকারে প্রধানমন্ত্রীকে রিয়াদের মোভেনপিক হোটেলে নিয়ে যাওয়া হয়। সৌদি আরব সফরকালে তিনি সেখানেই অবস্থান করবেন। সফরকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা মক্কায় হারাম শরিফে পবিত্র ওমরা পালন করবেন এবং মদিনায় হজরত মুহাম্মদ (স.) এর রওজা মোবারক জিয়ারত করবেন। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং ৫৬ আরব ও মুসলিম দেশের নেতারা এই সম্মেলনে যোগ দিয়েছেন। 'জয় আমাদেরই হবে' এ স্লোগান নিয়ে সন্ত্রাসবাদ মোকাবিলা ও জঙ্গিদের অর্থায়ন খুঁজে বের করার বিষয় সম্মেলনে আলোচিত হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউ এজ** (পৃ.১,ক.৩)।

**সংবাদ, সমকাল, প্রথম আলো, যুগান্তর, ফিনানশিয়াল এক্সপ্রেস,ডেইলি স্টার, নিউ এজ, নিউজ টুডে** এ বিষয়ে ছবি সহ খবর ছেপেছে।

**২। পার্বত্য অঞ্চলের উন্নয়ন ত্বরান্বিত করতে ভূমিবিরোধ নিস্পত্তি করুন : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ পার্বত্য অঞ্চলের উন্নয়ন সম্ভাবনা খুঁজে দেখতে এ এলাকায় ভূমিবিরোধ নিষ্পত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পার্বত্য অঞ্চলের ভূমিবিরোধ নিষ্পত্তি কমিশনের (সিএইচটি এলডিআরসি) প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল ২১ মে রোববার বঙ্গভবনে সিএইচটিএলডিআরসির চেয়ারম্যান বিচারপতি মোহাম্মদ আনোয়ারুল হক রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি বলেন, পার্বত্য অঞ্চলের ভবিষ্যৎ উন্নয়ন সম্ভাবনা উজ্জ্বল এবং এখানকার সার্বিক উন্নয়ন কার্যক্রম ত্বরান্তিত করতে সব সম্ভাবনার সদ্ব্যবহার করতে হবে। বৈঠক শেষে রাষ্ট্রপতির প্রেস সচিব মো. জয়নাল আবেদীন এ কথা জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

**৩। ভ্যাটের হার কমানো হবে : অর্থমন্ত্রী**

আগামী ১ জুলাই থেকে নতুন মূল্য সংযোজন কর (মূসক বা ভ্যাট) আইন বাস্তবায়ন হবে। তবে ভ্যাট হার ১৫ শতাংশ থেকে কমিয়ে আনা হতে পারে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, ভ্যাট হার ১৫ শতাংশ হবে না এর চেয়ে কমানো হবে সে বিষয় আগামী ২৫ অথবা ২৬ তারিখের বৈঠকে নতুন ভ্যাট হার চূড়ান্ত হবে। গতকাল ২১ মে রোববার সচিবালয়ে ঢাকা চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ও বাংলাদেশ ইন্স্যুরেন্স অ্যাসোসিয়েশনের সঙ্গে প্রাক-বাজেট আলোচনার পর তিনি এ কথা জানান। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১৭,ক.১) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬)।

**৪। দশ ধাপেই আমদানি নিবন্ধন সনদ পাচ্ছেন ব্যবসায়ীরা : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যিক আমদানি নিবন্ধন সনদ (আইআরসি) সেবা আগের চেয়ে সহজ করা হয়েছে। তিন দিনের বদলে এখন দেড় দিন বা একদিন ১২ ঘন্টা ২০ মিনিটে ব্যবসায়ীরা এ সনদ পাবেন। ১৫ ধাপের স্থলে এখন মাত্র ১০ ধাপে আইআরসি দেওয়া হচ্ছে। গতকাল ২১ মে রোববার আমদানি-রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের নতুন কার্যালয়ের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **যুগান্তর** (পৃ.১৫,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.১) **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৮)।

**৫। শিল্পের স্বার্থ ক্ষুণ্ন হয় এমন সিদ্ধান্ত নেওয়া হবে না : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, মুক্তবাজার অর্থনীতিতে আমদানি শুল্কারোপের মাধ্যমে দেশীয় শিল্প সংরক্ষণের সুযোগ অনেক কমে গেছে। এর ফলে স্বল্পোন্নত দেশের উদীয়মান শিল্প ক্ষতিগ্রস্ত হচ্ছে। এ অবস্থায় দেশীয় শিল্পের স্বার্থরক্ষায় বাজেটে শুল্ক নির্ধারণ করা হচ্ছে। দেশীয় শিল্পের স্বার্থ ক্ষুণ্ন হতে পারে এমন সিদ্ধান্ত সরকার গ্রহণ করবে না। গতকাল ২১ মে রোববার রাজধানীর বসুন্ধরার ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে আমান সিমেন্ট মিলস ইউনিট-২ এর উদ্বোধন অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৯,ক.৬), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.৪)।

৬। **ভেজালকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে : শিল্পমন্ত্রী**

ভেজাল প্রতিরোধে ব্যবসায়ীদের পাশাপাশি অসাধু উৎপাদকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। গতকাল ২১ মে রোববার এক আলোচনা সভায় বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশনের (বিএসটিআই) কর্মকর্তাদের এ নির্দেশ দেন তিনি। শিল্পমন্ত্রী বলেন, নকল ও ভেজাল প্রতিরোধ করতে হলে যেসব কারখানায় নকল ও ভেজাল পণ্য উৎপাদন হয়, সেখানেই প্রথমে অভিযান চালাতে হবে। এ লক্ষ্যে বিএসটিআইতে কর্মরত সবাইকে সর্বোচ্চ পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন করতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৭,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১,ক.২)।

৭। **বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে তল্লাশি গোয়েন্দা তথ্যের ভিত্তিতে : স্বরাষ্ট্রমন্ত্রী**

গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয় গোয়েন্দা তথ্যের ভিত্তিতে পুলিশ তল্লাশি চালিয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। এটা পুলিশের রুটিন কাজ। রাষ্ট্রের নিরাপত্তার প্রয়োজনে আইনশৃঙ্খলা বাহিনী যেকোনো জায়গায় তল্লাশি চালাতে পারে। এ নিয়ে আন্দোলন করতে হবে এমন পরিস্থিতি হয়নি বলে জানান তিনি। গতকাল ২১ মে রোববার সচিবালয়ে আলাপকালে তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ (**পৃ.১,ক.৬**)**।

৮। **২৫ মার্চকে গণহত্যা দিবস হিসেবে স্বীকৃতির সময় এসেছে : আইনমন্ত্রী**

গণহত্যার বিরুদ্ধে বিশ্ববাসীকে সোচ্চার হওয়ার আহ্বান জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, ২৫ মার্চকে এখন আন্তর্জাতিক গণহত্যা দিবস হিসেবে স্বীকৃতিদানের সময় এসেছে। এ জন্য তিনি আন্তর্জাতিক বিশেষজ্ঞদের সহযোগিতা কামনা করেন। গতকাল ২১ মে রোববার ঢাকায় মুক্তিযুদ্ধ যাদুঘর মিলনায়তনে 'বাংলাদেশ জেনোসাইড অ্যান্ড জাস্টিস' বিষয়ক ৫ম আন্তর্জাতিক সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় আইনমন্ত্রী একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৭,ক.৩), **প্রথম আলো** (পৃ.৯,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

৯। **কিছু শিক্ষক ক্লাসে না পড়িয়ে বাড়িতে পড়ানোর অপকৌশল নিয়েছেন : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ কোচিং বাণিজ্যের সমালোচনা করে বলেছেন, বর্তমানে কিছু শিক্ষক ক্লাসে না পড়িয়ে বাড়িতে পড়ানোর অপকৌশল তৈরি করেছেন। বাড়িতে পড়িয়ে তারা শিক্ষার্থীদের কাছ থেকে মোটা অংকের টাকা আদায় করে নিচ্ছেন। গতকাল ২১ মে রোববার রাজধানীর ব্যানবেইজ ভবনে অবসরপ্রাপ্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীদের মধ্যে কল্যাণ ও অবসর ভাতার চেক প্রদানকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

১০। **নৌপথ এখনও সাশ্রয়ী, পরিবেশবান্ধব ও অপেক্ষাকৃত নিরাপদ : নৌপরিবহন মন্ত্রী**

প্রতিকূলতা সত্ত্বেও আগের চেয়ে নৌপথ এখনো সাশ্রয়ী, পরিবেশবান্ধব ও অপেক্ষাকৃত নিরাপদ। আগের তুলনায় নৌদুর্ঘটনা কমে এসেছে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় বিশেষ করে নৌযান মালিক, শ্রমিকদের সর্বাত্মক সহযোগিতা, বিআইডব্লিউটিএ, নৌপরিবহণ অধিদফতর, নৌ-পুলিশ, কোস্টগার্ড কর্মকর্তাদের কার্যকরী পদক্ষেপ এবং জনসাধারণের সচেতনতা বৃদ্ধির ফলে ২০১৬ সালে কোনো যাত্রীবাহী নৌযান ডুবেনি। নৌপরিবহণ মন্ত্রী শাজাহান খান গতকাল ২১ মে রোববার ঢাকায় শিশু একাডেমি মিলনায়তনে নৌ নিরাপত্তা সপ্তাহ-২০১৭-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬)।

১১। **জলবায়ুর পরিবর্তনই হাওরে ক্ষতির কারণ : খাদ্যমন্ত্রী**

খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম বলেছেন জলবায়ু পরিবর্তন ও অকাল বন্যাই হাওরাঞ্চলে ক্ষয়ক্ষতির মূল কারণ। তবে এ নিয়ে গণমাধ্যমের অতিরিক্ত নেতিবাচক প্রচারণা সর্বসাধারণের মাঝে ভীতিকর পরিস্থিতি সৃষ্টি করছে। এর ফায়দা নিয়ে কিছু অসাধু ব্যবসায়ী চালসহ বিভিন্ন পণ্যের বাজার ঊর্ধ্বমূখী করেছিল। বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করেছে। তবে এখন তা নিম্নগামী করা হয়েছে। বাজার এখন সম্পূর্ণ স্থিতিশীল। গতকাল ২১ মে রোববার রাজধানীর ইস্কাটনে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ মিলনায়তনে 'নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে গণমাধ্যমের ভূমিকা' শীর্ষক কর্মশালায় তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

১২। **চলচ্চিত্র শিল্পকে এগিয়ে নিতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বর্তমান সরকার চলচ্চিত্র শিল্পকে এগিয়ে নিয়ে যেতে দৃঢ়প্রতিজ্ঞ। এ জন্য চলচ্চিত্রকে শিল্প ও চলচ্চিত্র দিবস ঘোষণা করেছে। সব অংশীজনের মতামতের ভিত্তিতে দেশের চলচ্চিত্র শিল্পের সমস্যা সমাধান করা হবে। গতকাল ২১ মে রোববার রাজধানীতে বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট (পিআইবি) সভাকক্ষে

চলচ্চিত্র প্রদর্শক সমিতির নবনির্বাচিত পরিষদ সদস্যদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে তথ্যমন্ত্রী একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৪), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

**১৩। চিকনগুনিয়া নিয়ে আতঙ্কিত হওয়ার কিছু নেই : ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র**

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র মোহাম্মদ সাঈদ খোকন বলেছেন, চিকুনগুনিয়া প্রাণঘাতী নয়। তাই আতঙ্কিত হওয়ার কিছু নেই। এ রোগ যাতে ছড়িয়ে পড়তে না পারে, সে জন্য ডিএসিসির পক্ষ থেকে ক্রাশ প্রোগাম শুরুসহ মশক নিধন কার্যক্রম জোরদার করা হয়েছে। গতকাল **২১** মে রোববার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ বিশ্ববিদ্যালয় চত্বরে ক্রাশ প্রোগ্রামের উদ্বোধনের সময় তিনি একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **প্রথম আলো** (পৃ.৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.৮)।

## সম্পাদকীয়

**ক.** **জনকণ্ঠ :** আন্তর্জাতিক বাজারে নিত্যপণ্যের দাম কমলেও রমজান উপলক্ষে আমাদের দেশে ভোগ্যপণ্যের মূল্য বৃদ্ধিতে নিন্দা জানিয়ে এসব অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিয়ে বাজার মনিটারিং এর মাধ্যমে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের সুপারিশ।

**খ.** **প্রথম আলো :** মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলার গোবিন্দপুর পাত্রখোলা খাসিয়াপুঞ্জির রাস্তায় নির্মিত সরকারি কালভার্ট কাম সেতু শ্রীগোবিন্দপুর চা বাগান কর্তৃপক্ষ ভেঙ্গে দেওয়ায় খাসিয়াপুঞ্জির শতাধিক মানুষ দুর্ভোগে পড়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার দাবি।

**গ.** **যুগান্তর :** জনগুরুত্বপূর্ণ ও অর্থনীতির জন্য সুফলদায়ক রেলওয়ের **১২** প্রকল্পগুলোর গতিহীনতার কথা উল্লেখ করে এগুলো নির্দিষ্ট মেয়াদে শেষ করার উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**ঘ.** **ভোরের কাগজ :** রাজধানীর আবাসিক হোটেলগুলোর মধ্যে ৮০ শতাংশ চলছে অবৈধভাবে উল্লেখ করে অপরাধীদের নিরাপদ আস্তানা এসব হোটেলগুলোতে প্রশাসনের কঠোর নজরদারির মাধ্যমে অপরাধ নিয়ন্ত্রণ অনেকটাই সম্ভব বলে মত প্রকাশ।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** মৎস্য ও প্রাণীসম্পদ খাতে প্রয়োজনীয় সরকারি ও বেসরকারি আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানের দ্বারা মৎস্য ও ডেইরি ফার্মিংয়ে আগ্রহীদের সহায়তায় এগিয়ে আসার সুপারিশ।

**ঙ.** **ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট, প্রথম আলো, যায়যায়দিন :** সম্প্রতি প্রকাশিত অ্যাকশন এইডের গবেষণার ফলাফলে মহানগরের গণপরিবহণ ব্যবস্থা নারী বিরূপ হওয়ায় এ অবস্থা অগ্রহণযোগ্য হওয়ায় নগর পরিকল্পনা নারীবান্ধব হওয়ার প্রত্যাশা।

**চ.** **ডেইলি স্টার :** চুরির অপরাধে **১০** বছরের শিশুকে শারীরিক নির্যাতনের দায়ে মামলা করায় পরিবারের নিরাপত্তা নিয়ে হুমকি দেখা দেওয়ায় ঘটনা তদন্ত করে আইনি ব্যবস্থা নেওয়াসহ শিশু নির্যাতনের বিরুদ্ধে ব্যাপক সামাজিক সচেতনতা গড়ে তোলার আহ্বান।

**ছ.** **নিউ এজ :** নৌপথে অনিবন্ধিত ও ত্রুটিপূর্ণ নৌযান চলাচলকে ঘিরে ব্যাপক দুর্নীতির বিরুদ্ধে সরকারকে কঠোর অবস্থান নেওয়ার সুপারিশ।

**জ.** **ফিনানশিয়াল এক্সপ্রেস :** চট্টগ্রামের আনোয়ারায় চাইনিজ ইকোনমিক ও ইন্ডাস্ট্রিয়াল জোনের জন্য সরকার কর্তৃক অবকাঠামোগত উন্নয়নের পদক্ষেপ নেওয়ার বিষয়টি প্রত্যাশিত বিনিয়োগকারীদের কাছে ব্যাপক পজেটিভ প্রভাব ফেলবে বলে প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে সাধারণ শিক্ষাকে ধর্মীয় শিক্ষার সাথে সম্মিলিত করে সমাজব্যাপী নতুন জীবনবোধ সৃষ্টি করে দক্ষতার সাথে সততা, নৈপুণ্যের বিকাশ ঘটাতে হবে, যাতে বাংলাদেশ হয়ে ওঠে সুশিক্ষার এক আদর্শ স্বর্ণদ্বীপ বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত **'শিশু বাজেট : বাস্তবায়নই চ্যালেঞ্জ'** শিরোনামের নিবন্ধে ড. মিহির কুমার রায় শিশুরা আগামী দিনের ভবিষ্যৎ হওয়ায় শিশুর সার্বিক উন্নয়নের জন্য পরিকল্পনা মাফিক বিনিয়োগ তথা উন্নয়ন বাজেটের অর্থ ব্যয় করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা